# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 24-12-24** **Desk in Charge :**

**Time : 7.35 AM** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় সরকার, 'শিক্ষার অধিকার আইনে' সংশোধনী এনে পঞ্চম ও অস্টম শ্রেণীতে পাশ ফেল প্রথা ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে।

২) আগামী বছর দিল্লির কর্তব্য পথে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে এরাজ্যের ট্যাবলো অংশ নিচ্ছে।

৩) 'বাংলার বাড়ি' প্রকল্পে দুর্নীতির যেকোনো অভিযোগের ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণে রাজ্য সরকার সমস্ত জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

৪) ভারতীয় প্যারালাল সিনেমা জগতের তারকা পরিচালক শ্যাম বেনেগলের প্রয়াণে সংস্কৃতি মহলে শোকের ছায়া।

৫) তেলেঙ্গানায় জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা এক-শূণ্য গোলে গতবারের চ্যাম্পিয়ন সার্ভিসেস-কে হারিয়ে দিয়েছে।

*************************************************************

কেন্দ্রীয় সরকার, শিক্ষার অধিকার আইনে সংশোধনী এনে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পঞ্চম ও অস্টম শ্রেণীতে পড়ুয়াদের মধ্যে ‘পাশ ফেল’ প্রথা ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের তরফে গতকাল বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে, এই দুই শ্রেণীর যদি কোন পড়ুয়া বার্ষিক পরীক্ষায় ফেল করে তাহলে, দুই মাসের মধ্যে তাকে পুনরায় পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। এইসমস্ত পড়ুয়া যতক্ষণ না প্রাথমিক শিক্ষার পাঠ শেষ করবে, ততক্ষণ তাদের বিদ্যালয় থেকে বের করে দেওয়া যাবে না। শিশুদের পঠনপাঠনের উন্নতির জন্য এই সিদ্ধান্ত বলে কেন্দ্রীয় শিক্ষা সচিব সঞ্জয় কুমার জানান। ( বাইট- সঞ্জয় কুমার)

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি, অবিলম্বে প্রথম প্রথম শ্রেণী থেকেই ‘পাশ ফেল’ চালু করার দাবী জানিয়েছে। সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেছেন, ‘পাশ ফেল’ না থাকায়, অক্ষরজ্ঞানহীন পড়ুয়ারাও প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত অনায়াসে উত্তীর্ণ হয়ে যাচ্ছে। সে ক্ষেত্রে গোড়া থেকেই সমস্যার সমাধান প্রয়োজন।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ এবং অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা সমিতিও শিক্ষার স্বার্থে প্রথম শ্রেণী থেকে ‘পাশ ফেল’ চালুর দাবী জানিয়েছে।

************************

সুপ্রিম কোর্ট, মেডিকেল কাউন্সিলিং কমিটিকে, ডাক্তারিতে নিট স্নাতক স্তরে শূন্য আসন পূরণের জন্য বিশেষ কাউন্সেলিং-এর ব্যবস্থা করার নির্দেশ দিয়েছে। দেশে চিকিৎসকের সংখ্যা খুবই কম থাকার প্রেক্ষিতে শীর্ষ আদালতের এই নির্দেশ। বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চ নির্দেশে আরো বলেছেন, অনাবাসী ভারতীয়দের জন্য সংরক্ষিত আসনগুলিও জেনারেল ক্যাটাগরি কোটাতে রূপান্তরিত করা যাবে এবং অবশ্যই তা রাজ্যস্তরে ভর্তি সংস্থার মাধ্যমে তা পূরণ করতে হবে। এবছর ৩০শে ডিসেম্বরের আগে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করারও নির্দেশ দেওয়া হয়েছে।

বেঞ্চ আরো জানিয়েছে, কোন কলেজে নিজে সরাসরি কোন পড়ুয়াকে ভর্তি করতে পারবে না, রাজ্যের ভর্তি র ভারপ্রাপ্ত সংস্থাগুলি তা করতে পারবে। এর পাশাপাশি একথাও বলা হয়েছে, ইতোমধ্যেই যে ভর্তির প্রক্রিয়া চূড়ান্ত হয়েছে, তা এই বিশেষ ব্যবস্থায় কোনভাবেই বাধা প্রাপ্ত হবে না। যে সমস্ত প্রার্থী ওয়েটিং লিস্টে রয়েছেন, শুধুমাত্র তাদের মধ্যে থেকেই ফাঁকা আসনে ভর্তি নেওয়া হবে বলেও বেঞ্চ জানিয়েছে।

***********************

দিল্লির কর্তব্যপথে আগামী বছর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে এরাজ্যের ট্যাবলো অংশ নিচ্ছে। রাজ্য সরকারের লোকপ্রসার প্রকল্পকে সামনে রেখে ওই ট্যবলোর  পরিকল্পনা করা হয়েছে। জঙ্গলমহলের প্রেক্ষাপট ও টেরাকোটা মন্দিরের আদলে ট্যাবলোটিকে সাজিয়ে তোলা হচ্ছে। রাজ্যের ছৌ এবং বাউল শিল্পীরা কুচকাওয়াজে অংশ নেবেন। রাজ্যের এই বিষয় ভাবনা, ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের সংশ্লিষ্ট নির্বাচক কমিটির ছাড়পত্র পেয়েছে।

প্রসঙ্গত, গতবার দিল্লির সাধারণতন্ত্র দিবসে রাজ্য সরকারের প্রস্তাবিত ট্যাবলো, কেন্দ্র বাতিল করে দিয়েছিল।

***********************

‘বাংলার বাড়ি’ প্রকল্পে দুর্নীতির প্রেক্ষিতে রাজ্য সরকার কঠোর অবস্থান নিতে চলেছে। এধরণের যেকোনো অভিযোগের ক্ষেত্রে ‘জিরো টলারেন্স’ নীতি নিতে সমস্ত জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

আবাস প্রাপকদের কাছ থেকে ঘুষ চাওয়া বা হুমকি দেওয়ার মত ঘটনা ঘটলে দ্রুত ব্যবস্থা নিতে হবে। একইসঙ্গে অভিযুক্ত যেই হোক না কেন, অভিযোগকারী যাতে নির্ভয়ে ও নিঃসঙ্কোচে তাদের সমস্যার কথা জানাতে পারেন, সেই পরিবেশ তৈরি করতে হবে বলে স্পষ্ট ভাষায় জানিয়ে দেওয়া হয়েছে। এই মর্মে রাজ্য সরকারের তরফে জেলা শাসকদের উদ্দ্যেশ্যে ৪ দফা নির্দেশিকা জারি করা হয়েছে।

সেখানে আরো বলা হয়েছে, এই ধরনের কোনও অভিযোগ এলে পুলিশ সুপারকে অবগত করে সংশ্লিষ্ট থানার ওসিকে সঙ্গে সঙ্গে তৎপর হয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। আবাস সংক্রান্ত অভিযোগ জানাতে জেলা স্তরে খোলা কন্ট্রোল রুমের নম্বর যাতে সব উপভোক্তার কাছে থাকে তাও নিশ্চিত করতে বলা হয়েছে।

************************

অভয়ার ন্যায় বিচারের দাবীতে ধর্মতলায় 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স-এর নতুন করে শুরু হওয়া অবস্থান মঞ্চের বিরোধিতা করে রাজ্য সরকার ডিভিশন বেঞ্চে যে আবেদন করেছিল, তা' খারিজ হয়ে গেছে। এক্ষেত্রে সিঙ্গল বেঞ্চের নির্দেশই বহাল রেখেছে কলকাতা হাইকোর্ট। তবে, অবস্থান মঞ্চে যোগদানকারীর সংখ্যা কমিয়ে ১০০ করতে বলা হয়েছে।

গতকালও RG Karএর তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার দ্রুত বিচার চেয়ে একাধিক প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করা হয়। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের রাজ্য শাখা গতকাল CBI দপ্তর CGO কমপ্লেস অভিযান করে।

এদিকে, ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট জানিয়েছে, ন্যায় বিচারের দাবীতে তাঁদের আন্দোলন আরো তীব্র হবে। ১৩০টি সামাজিক সংগঠনের ডাকে এক গণ কনভেনশনে যোগ দিয়ে ফ্রন্টের পক্ষ থেকে ডাক্তার দেবাশিস হালদার বলেন, শেষ রক্তবিন্দু পর্যন্ত এই লড়াই চলবে।

( বাইট- ডাক্তার দেবাশিস )

************************

ভারতীয় প্যারালাল সিনেমা জগতের তারকা পরিচালক শ্যাম বেনেগাল প্রয়াত। ৯০ বছর বয়সী এই পরিচালক, দীর্ঘদিন ধরেই বার্ধ্যক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। গত সন্ধ্যায় মুম্বাই-এর একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। ২০২৩-এ মুক্তি পায় তাঁর শেষ ছবি 'মুজিব- দ্য মেকিং অফ আ নেশন'। তাঁর হাতে তৈরী হওয়া সিনেমার তালিকা বেশ দীর্ঘ। একাধিক জাতীয় পুরস্কার, পদ্মশ্রী ও

পদ্মভূষণ ছাড়াও পেয়েছিলেন চলচিত্রের সর্বোচ্চ সম্মান 'দাদাসাহেব ফালকে' পুরস্কার'ও। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের একটি শ্রদ্ধার্ঘ্য।

( ক্যাপসুল- শ্যাম বেনেগাল/ অভিজিত)

শ্যাম বেনেগালের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি, উপ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী সহ বিশিষ্টরা। শোকের ছায়া সংস্কৃতি ও শিল্পী মহলে।

************************

শহরের বিভিন্ন উড়ালপুলে একের পর এক বাইক দুর্ঘটনার জেরে কলকাতা পুলিশ বিশেষ সতর্কতা অবলম্বন করেছে। মা ফ্লাইওভারে রাত দশটা থেকে সকাল সাতটা পর্যন্ত বাইক চালানোর উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

পাশাপাশি এজেসি বোস ফ্লাইওভার, গার্ডেনরিচ ফ্লাইওভার এবং পার্কস্ট্রিট ফ্লাইওভারের ক্ষেত্রেও কলকাতা পুলিশের তরফে একই নিষেধাজ্ঞা বহাল থাকবে।

************************

বড়দিনের রাতে দর্শনার্থীদের সুবিধায় মেট্রোরেল অধিক রাত পর্যন্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওইদিন কবি সুভাষ দক্ষিণেশ্বর করিডরে কবি সুভাষ থেকে রাত এগারোটায় এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০-৫৩ মিনিটে শেষ ট্রেন ছাড়বে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে। ঐদিন বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত এই করিডরে ৭ মিনিটের ব্যবধানে ট্রেন পাওয়া যাবে। মোট ট্রেন চলবে ২২৪টি।

অন্যদিকে, সল্টলেক সেক্টর ফাইভ ও শিয়ালদার মধ্যে একশো একটির পরিবর্তে মোট ৯০টি ট্রেন চালানো হবে বলে জানানো হয়েছে।

************************

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে বৃষ্টির পর তাপমাত্রা সামান্য নামলেও এখনই জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। ফের

ঘূর্ণাবর্ত ও ঝঞ্ঝার প্রভাবে বুধবার, বড়দিনের পর থেকে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে। আপাতত তিন-চারদিন তাপমাত্রা স্বাভাবিকের ওপরেই থাকবে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই দশমিক ৮ ডিগ্রি বেশী।

দুই ২৪ পরগনা এবং দুই মেদিনীপুরে আজ হাল্কা বৃষ্টি হতে পারে। পশ্চিমের জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি কুয়াশা থাকবে।

দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর এবং মালদায় ঘন কুয়াশার হলুদ সতর্কতা জারি করা হয়েছে। দৃশ্যমানতা নেমে আসতে পারে ৫০ মিটারের মধ্যে।

************************

তেলেঙ্গানায় গতকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা এক-শূণ্য গোলে গতবারের চ্যাম্পিয়ন সার্ভিসেস-কে হারিয়ে দিয়েছে।

৪৬ মিনিটে গোল করেছেন বাসুদেব মান্ডি। বাংলা পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে গেল।

************************

বাংলার প্রাক্তন ক্রিকেটার শুভজিত মজুমদার সোনারপুরে তাঁর বাড়িতে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন। বয়স হয়েছিলো ৩৯ বছর।

পরিবার সূত্রে জানা গেছে, গতকাল সকালে প্রাতরাশ সেরে ঘুমোতে যান শুভজিত। বিকেলের দিকে তাঁর বাবা ডাকাডাকি করার পরেও সাড়া না দেওয়ায় চিকিৎসককে ডাকা হয়। ডাক্তার এসে শুভজিতকে পরীক্ষা করে জানান, ঘুমের মধ্যেই হৃদরোগে আক্রান্ত মৃত্যু হয়েছে তাঁর।

******************************************************************